



রমনা-শাহবাগ থানার পৃথক মামলায় শীর্ষ বিএনপি নেতাদের অব্যাহতি



সংগৃহীত ছবি

রমনা থানার মামলার তথ্য অনুযায়ী, ২০২৩ সালের ২৮ অক্টোবর রাজধানীর পল্টন এলাকায় বিএনপির মহাসমাবেশ চলাকালীন প্রধান বিচারপতির বাড়ির সামনে গাড়ি ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। এই ঘটনায় রমনা থানার এসআই সহিদুল ওসমান মির্জা ফখরুলসহ ৫৯ জনের বিরুদ্ধে বিশ্লেষণক দ্রব্য আইনে মামলা দায়ের করেন। তদন্ত শেষে পুলিশ সবাইকে অব্যাহতির সুপারিশ করে আদালতে চূড়ান্ত প্রতিবেদন জমা দেন।

অব্যাহতি পাওয়া নেতাদের মধ্যে রয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস, স্থায়ী কমিটির সদস্য ও চেয়ারপারসনের উপদেষ্টা আমির খসরু মাহমুদ চৌধুরী, ভাইস চেয়ারম্যান বরকত উল্লাহ বুলু, আহমেদ আজম খান, আবদুল আউয়াল মিন্টু এবং বিএনপি নেতা অ্যাডভোকেট জয়নাল আবেদীন, নিতাই রায় চৌধুরী ও এয়ার ভাইস মার্শাল অবঃ আলতাফ হোসেন চৌধুরী।

শাহবাগ থানার মামলার সূত্রে জানা যায়, একই মহাসমাবেশ চলাকালীন পল্টন থানার এলাকায় গাড়ি ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। এই ঘটনায় পল্টন থানার এসআই সালাহ উদ্দিন কাদেন বিশ্লেষণক দ্রব্য আইনে একটি মামলা দায়ের করেন। মামলায় মির্জা ফখরুলসহ ১০৪ জনকে আসামি করা হয়। পুলিশ তদন্ত শেষে সবাইকে অব্যাহতির সুপারিশ করে আদালতে চূড়ান্ত প্রতিবেদন জমা দেয়।

শাহবাগ থানার মামলায় অব্যাহতি পাওয়া নেতাদের মধ্যে রয়েছেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর, মির্জা আব্বাস, আমির খসরু মাহমুদ চৌধুরী, গয়েশ্বর চন্দ্র রায়, রুহুল কবির রিজভী, হাবীবুন নবী খান সোহেল, আহমেদ আজম খান, সুলতান সালাহ উদ্দিন টুকু, খন্দকার এনামুল হক এনাম এবং আমিনুল হক। এই সিদ্ধান্তের মাধ্যমে বিএনপির শীর্ষ নেতারা দীর্ঘ তদন্ত ও আইনি প্রক্রিয়ার পর অব্যাহতি পেয়েছেন।